

পরিচর্যা ও সুযোগের জন্য একটি পরিকল্পনা



অন্টারিওর অর্থনৈতিক ও রাজস্ব সংক্রান্ত লক্ষ্যমাত্রা

একটি অনিশ্চিত ও চ্যালেঞ্জিং বৈশ্বিক পরিবেশ সত্ত্বেও প্রদেশজুড়ে মানুষ ও ব্যবসা প্রতিষ্ঠানসমূহের অবদানের কারণে 2017 সালে অন্টারিওর অর্থনীতি প্রবৃদ্ধি লাভ করেছে। অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সঠিক রাজস্ব ব্যবস্থাপনা অন্টারিওকে 2017-18 সালের বাজেটকে ভারসাম্যপূর্ণ করার প্রতিশ্রুতি বাস্তবায়নের পথে নিয়ে যাচ্ছে, এবং \$600 মিলিয়ন ডলারের বেশি উদ্ধৃত থাকবে বলে ধারণা করা হচ্ছে। 2018-19 বছরের শুরুতে, এই প্রদেশে জিডিপি'র শতকরা এক ভাগের কম ঘাটতে থাকবে বলে ধারণা করা হচ্ছে এবং একটি ভারসাম্যপূর্ণ বাজেট প্রণয়নের জন্য প্রতিশ্রুতি প্রদান করছে যা রাজস্বের দায়-দায়িত্বসহ গণ পরিষেবায় গুরুত্বপূর্ণ বিনিয়োগ করবে - 2024-25 বছরকে লক্ষ্য করে একটি ভারসাম্যপূর্ণ বাজেট প্রণয়ন করবে।



বলিষ্ঠ অর্থনৈতিক প্রবৃদ্ধি

2014 সাল থেকে প্রকৃত জিডিপি কানাডা এবং অন্য সব জি7 দেশগুলোর তুলনায় দ্রুত প্রবৃদ্ধি লাভ করেছে।



ভারসাম্যপূর্ণ বাজেট

2017-18 বছরে \$600 মিলিয়ন ডলারের বেশি উদ্ধৃত থাকবে বলে ধারণা করা হচ্ছে, যা টানা নয় বছর ধরে অন্টারিওর রাজস্বের লক্ষ্যমাত্রাকে অতিক্রম করবে।



কর্মসংস্থান বৃদ্ধি

অর্থনৈতিক মন্দার পর থেকে 800,000 এরও বেশি চাকরি তৈরি করা হয়েছে এবং 17 বছরের মধ্যে বেকারত্বের হার এখন সবচেয়ে কম। গত বছর, প্রতিদিন গড়ে 500 নতুন চাকরি তৈরি করা হয়েছে।

অন্টারিওর রাজস্বের চিত্র

অন্টারিওতে যা যা করা হচ্ছে:

- লোকজন যেসব পরিচর্যা ও পরিষেবার উপর নির্ভর করে সেগুলোর প্রদানের জন্য স্বাস্থ্যসেবা, গৃহ পরিচর্যা, মানসিক স্বাস্থ্য, চাইল্ড কেয়ার এবং অন্যান্য খাতে তিন বছরে \$20.3 বিলিয়ন ডলার নতুন বিনিয়োগ করা হচ্ছে।
- এইসব বিনিয়োগের মাধ্যমে, যা 2018-19 বছরে \$6.7 বিলিয়ন, 2019-20 বছরে \$6.6 বিলিয়ন এবং 2020-21 বছরে \$6.5 বিলিয়ন ঘাটতি তৈরি করবে, এবং 2024-25 বছরে একটি ভারসাম্যপূর্ণ

বাজেটে প্রত্যাবর্তনের পরিকল্পনার মাধ্যমে, এই প্রদেশের দায়িত্বপূর্ণ রাজস্ব ব্যবস্থাপনার ট্র্যাক রেকর্ডে ফিরে যাওয়া হবে।

- 2017-18 বছরে জনপ্রতি কর্মসূচিতে এই প্রদেশ সর্বনিম্ন খরচে থাকবে বলে প্রত্যাশা করা হচ্ছে।
- অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধির পূর্বাভাস দ্বারা পরিচালিত হয়ে মোট রাজস্ব 2018-19 বছরে \$152.5 বিলিয়ন ডলার থেকে 2020-21 বছরে \$163.8 বিলিয়ন ডলারে উন্নীত হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।
- 2018-19 থেকে 2020-21 বছরে এই প্রদেশের কর্মসূচির খরচ \$145.9 বিলিয়ন ডলার থেকে \$155.8 বিলিয়ন ডলারে উন্নীত হবে বলে পূর্বাভাস দেয়া হয়েছে, যা শক্তিশালী ও গুরুত্বপূর্ণ সরকারি পরিষেবাকে সহায়তা করবে।
- পরিষেবাগুলোতে ডুপ্লিকেশন কমাতে কর্মসূচি বাস্তবায়ন সমলয় করা এবং বিদ্যমান সম্পদের পুনর্বন্টন করা হচ্ছে, এবং কর্মসূচিগুলোকে আরো বেশি জন-কেন্দ্রিক করার জন্য পরিষেবা বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভাবনী পদ্ধতি ব্যবহার করা হচ্ছে।
- 2021 সাল পর্যন্ত প্রকৃত জিডিপি প্রবৃদ্ধি শতকরা 1.9 ভাগ হবে বলে পূর্বাভাস দেয়া হয়েছে।
- রপ্তানি ও ব্যবসায় বিনিয়োগ অন্তারিওর প্রবৃদ্ধির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ নিয়ামক হবে বলে আশা করা হচ্ছে।

ঋণ ব্যবস্থাপনার ক্ষেত্রে অন্তারিওর প্রক্রিয়া

ঋণের খরচের সুদ এখন রাজস্বের প্রত্যেক ডলারের জন্য 8 সেন্ট, যা 2000 সালে ছিল 15 সেন্ট।

দায়িত্বশীলতার সাথে ঋণ ব্যবস্থাপনার জন্য অন্তারিওর যা করছে:

- 25 বছরের মধ্যে ঋণ-ও-রাজস্বের অনুপাত সর্বনিম্ন সুদে নামিয়ে এনেছে, যা এই প্রদেশকে সেই সব কর্মসূচিতে রাজস্ব ডলার খরচ করতে সক্ষম করেছে যেগুলো অন্তারিওর লোকজনকে সরাসরি সুবিধা প্রদান করছে।
- গড়ে 30 বিলিয়নেরও বেশি নগদ রিজার্ভ সংরক্ষণের মাধ্যমে এখন ও ভবিষ্যতে এই প্রদেশকে তার আর্থিক বাধ্যবাধকতা পূরণে সাহায্য করেছে।
- এই প্রদেশের ঋণের পোর্টফোলিও গড়ে দীর্ঘসময় ধরে বজায় রেখে কম সুদের হার ও অন্তারিওর বন্ডগুলোর জন্য জোরালো চাহিদা বজায় রাখছে।
- প্রদেশজুড়ে পরিবহন ও অন্যান্য পরিবেশবান্ধব প্রকল্পে অন্তারিওকে তহবিল যোগান দিতে সাহায্য করার জন্য গ্রিন বন্ড কর্মসূচির প্রতি প্রতিশ্রুতি প্রদান করেছে, যা অন্তারিওর ঋণগ্রহণ কর্মসূচির একটি অংশ।